দৈনিক
ইত্তেফাক

তারিখ 29 JUL 2015
পৃষ্ঠা ৪ কলাম ৬

# ঢাবি উপাচার্যের নেতৃত্বে শিক্ষক প্রতিনিধি দলের বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা

■ টুঙ্গিপাড়া (গোপালগঞ্জ) সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে শিক্ষক সমিতির উদ্যোগে প্রায় দুইশ শিক্ষক বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন। গতকাল মঙ্গলবার দুপুরে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শিক্ষকদের প্রতিনিধি দলটি পুষ্পস্তবক অর্পণ করে গভীর শ্রদ্ধা জানান। পরে তারা ফাতেহা পাঠ ও বিশেষ মোনাজাতে অংশ নেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য একে আজাদ চৌধুরী, প্রো-উপাচার্য অধ্যাপক নাসরীন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামাল উদ্দিন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালসহ বিশ্ববিদালয়ের সিনেটর, সিন্ডিকেটের সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালক, হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

অপরদিকে, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মান্নান এবং উপ-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেনের নেতৃত্বে ওই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরাও পুষ্পস্তবক অর্পণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। শ্রদ্ধা নিবেদন শেষে আরেফিন সিদ্দিক সাংবাদিকদের বলেন, স্বাধীন দেশ পরিচালিত হবে স্বাধীনতাকামী মানুষ দিয়ে। স্বাধীনতা বিরোধীদের দিয়ে নয়।

নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ ও দর্শন সম্পর্কে জানাতে হবে। তাহলে তার স্বপ্ন বাস্তবায়ন সম্ভব হবে। তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর নেতৃত্বে এদেশ স্বাধীন হয়েছিল। তাকে হত্যা করে দেশ পিছিয়ে দেয়া হয়। তার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে চলছে। এদেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে ৩০ লাখ মানুষের রক্ত মিশে আছে। দেশের শিক্ষা উন্নয়ন ও অগ্রগতি সাধন করে তাদের এই রক্তের ঋণ শোধ করতে হবে।